দৈনিক বাংলা

তারিখ ... 11/3/82 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7 ...



### ৪টি বোর্ডে পরীক্ষার্থী ২ লাখ ৭০ হাজার

# সারাদেশে এসএসসি পরীক্ষা আজ শুরু

(স্টাফ রিপোর্টার)

আজ বৃহস্পতিবার দেশের চারটি শিক্ষা বোর্ডের ১৯৮২ সালের এস-এসসি পরীক্ষা শুরু হচ্ছে। সারা দেশে এ বছরের এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা দুই লক্ষ ৬৯ হাজার নয় শ নয়। গত নয় বছরের মধ্যে এবারই রেকর্ড সংখ্যক ছাত্রছাত্রী এস-এসসি পরীক্ষা দিচ্ছে। ১৯৭২ সালে পরীক্ষার্থীর সংখ্যা ছিল লক্ষাধিক।

ঢাকা বোর্ডে ৭৯ হাজার পাঁচ শ ১৯ জন।

ঢাকা বোর্ডে ৩৭ হাজার সাত শ ১০ জন কলা, ২৪ হাজার সাত শ ২৮ জন বিজ্ঞান, নয় হাজার চার শ ৩৪ জন বাণিজ্য বিভাগে পরীক্ষা দেবে। এছাড়া ছয় হাজার পাঁচ শ ২২ জন কৃষি, আট শ ৮৫ জন গার্হস্থ্য অর্থনীতি এবং দুই শ ৪০ জন শিল্প-কলা বিভাগের পরীক্ষার্থী।

বিদেশের সাতটি কেন্দ্র কুয়েত, দোহা, কায়রো, রোম, বন, মস্কো এবং জেদ্দায়ও ঢাকা বোর্ডের এসএস-সি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঢাকা মহানগরীতে ১৩ হাজার দুই শ [illegible] জন পরীক্ষার্থী পাঁচটি জোনাল কেন্দ্রের ৩৪টি উপকেন্দ্র থেকে পরীক্ষা দেবে। এই উপকেন্দ্রগুলির জন্যে পাঁচটি ভিজিল্যান্স টীম গঠন করা হয়েছে। দুর্নীতিমুক্ত এবং সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা নেয়ার জন্যে ঢাকা জেলার প্রত্যেক মহকুমায় একটি করে পাঁচ সদস্যের ভিজিল্যান্স টীম গঠন করা হয়েছে।

**কুমিল্লা বোর্ড**

কুমিল্লা বোর্ডে এবার পরীক্ষার্থীর সংখ্যা ৬৬ হাজার চার শ ৬১। কলা বিভাগে ২৪ হাজার এক শ ৬০ জন, বাণিজ্য বিভাগে ২৩ হাজার নয় শ ৭৯ জন এবং বিজ্ঞান বিভাগে ১৪ হাজার ৮৮ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান জানান, সুষ্ঠুভাবে পরীক্ষা নেয়ার

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

জন্যে শহরের বাইরের কেন্দ্রগুলিতে একজন করে কলেজ শিক্ষক স্পেশাল অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন।

**রাজশাহী বোর্ড**

রাজশাহী বোর্ডে অংশ নিচ্ছে মোট ৬২ হাজার ছয় শ ৫৩ জন পরীক্ষার্থী। কলা বিভাগে ৩৭ হাজার তিন শ ১২ জন, বিজ্ঞান বিভাগে ১৮ হাজার দুই শ দুজন এবং কৃষি বিভাগে চার হাজার ছয় শ ৫৪ জন পরীক্ষার্থী রয়েছে।

রাজশাহী বোর্ডের চেয়ারম্যান দৈনিক বাংলাকে জানান, বোর্ড কর্তৃপক্ষ শিক্ষক সমিতি, জেলা ও মহকুমা প্রশাসন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা নেয়ার উদ্যোগ নিয়েছে।

**যশোর বোর্ড**

যশোর বোর্ড থেকে এবার পরীক্ষা দিচ্ছে ৬১ হাজার দুই শ ৭৬ জন। কলা বিভাগে ৩১ হাজার আট শ সাতজন, বিজ্ঞান বিভাগে ১৩ হাজার ৯৯ জন এবং বাণিজ্য বিভাগে নয় হাজার ছয় শ ৬৪ জন এসএসসি পরীক্ষা দিচ্ছে।

যশোর বোর্ডের চেয়ারম্যান জানান, মোট ১৩টি ভিজিল্যান্স টীমসহ জেলা ও মহকুমা প্রশাসন থেকে দুর্নীতিমুক্তভাবে পরীক্ষা নেয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।